

কলান্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার, পুরাতন পাঠক্রম)

বিভাগ সাম্মানিক বাংলা

ছন্দ অলংকার ইমেজারি

কোর্স ইউ.জি. - ৩.২

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

১. নিম্নলিখিত যে কোনও দুটি বিষয় বুঝিয়ে লেখো  $2/_{\text{x}} 2=5$

- ক. দল
- খ. পয়ার
- গ. মুক্তক
- ঘ. মাত্রা

২. ছন্দোলিপি তৈরি করে নীচের কবিতাংশগুলি কোন ছন্দে লেখা জানাও  
(যে কোনও দুটি)  $5 \times 2=10$

ক. বড়ুতাটা লেগেছে বেশ  
রয়েছে লেগে কানে –  
কী যেন করা উচিত ছিল,  
কী করি কে তা জানে!  
অন্ধকারে ওই রে শোন্  
ভারতমাতা করেন ‘গ্রোণ’,  
এ হেন কালে ভীম দ্রোণ  
গেলেন কোনখানে!

খ. আবার জাগিনু আমি। রাত্রি হল ক্ষয়।  
পাপড়ি মেলিল বিশ্ব। এই তো বিশ্বয়  
অস্থীন। ডুবে গেছে কত মহাদেশ,  
নিবে গেছে কত তারা, হয়েছে নিঃশেষ

(Turn over)

( 2 )

গ. কিনু গোয়ালার গলি।  
 দোতলা বাড়ির  
 লোহার-গরাদে-দেওয়া একতলা ঘর  
 পথের ধারেই।  
 লোনা-ধরা দেওয়ালেতে মাঝে মাঝে ধরে গেছে বালি,  
 মাঝে মাঝে স্যাতা-পড়া দাগ।  
 মার্কিন থানের মার্কা একখানা ছবি  
 সিদ্ধিদাতা গণেশের  
 দরজার পরে আঁটা।

৩. অতিশয়োক্তি অলংকার কাকে বলে ? উদাহরণসহ বিশ্লেষণ করো।

$1 \times 8 = 8$

৪. প্রয়োজনীয় যুক্তিসহ যে কোনও দুটি কবিতাংশে অলংকার নির্ণয় করো  $2 \times 2 = 8$

- ক. কে বলে ঈশ্বর গুপ্ত ব্যাপ্ত চরাচর।  
 যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর।  
 খ. কানুর পিরীতি চন্দনের রীতি ঘষিতে সৌরভময়।  
 গ. দেশের যত নদীর ধারা, জল না ওরা অশ্রুধারা।

৫. নীচের যে কোনও একটি কবিতাংশের ইমেজ বিশ্লেষণ করো।  $1 \times 7 = 7$

- ক. হাওয়া বাতাসের রাত ...  
 তোমার নিষিদ্ধ মুখ অস্বাভাবিক আছে ভেসে।  
 কালোজিরে ধনেপাতা নিয়ে

( 3 )

হয়তো-বা ফেঁসে গ্যাছে খুব।  
 আমিও ফেঁসেছি প্রায় ঐরকম  
 ডানা ঝাপটানোর শব্দ শুনতে পাও তুমি ?

খ. আবার আসিব ফিরে ধানসিড়িটির তীরে – এই বাংলায়  
 হয়তো মানুষ নয় – হয়তো বা শঙ্খচিল শালিখের বেশে  
 হয়তো তোরের কাক হয়ে ওই কার্তিকের নবান্নের দেশে  
 কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ-কঁঠাল-ছায়ায়  
 হয়তো বা হাঁস হব - কিশোরীর –যুঙ্গুর রহিবে লাল পায়

গ. আগন্নের পরশমণি ছোঁয়াও প্রাণে।  
 এ জীবন পুণ্য করো দহন-দানে।  
 আমার এই দেহখানি তুলে ধরো,  
 তোমার ওই দেবালয়ের প্রদীপ করো –  
 নিশিদিন আলোক-শিখা জুলুক গানে ॥  
 অঁধারের গায়ে গায়ে পরশ তব  
 সারারাত ফোটাক তারা নব নব।  
 নয়নের দৃষ্টি হতে ঘুচবে কালো,  
 যেখানে পড়বে সেথায় দেখবে আলো –  
 ব্যথা মোর উঠবে জুলে উর্ধ্ব পানে ॥

— X —